রেজিস্ট্রারের কার্যালয়
ইসলামী বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ, কুষ্টিয়া-৭০০৩
ফোন : +৮৮ ০৭১-৭৪৯০৪ অফিস, (০৭১) ৭৩৪৩৩ বাসা, পিএবিএক্স: ৭৪৯১০-৭৪৯২০ এক্স. ২২০৬ (অফিস)
ফ্যাক্স : +৮৮-০৭১-৭৪৯০৫, ই-মেইল : registrar@iu.ac.bd, web :www.iu.ac.bd

নং: ২/শিক্ষা/রেজি-২০২১/৪৭৩ তারিখ: ২৯.১২.২০২১

## ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে শিক্ষার্থীদের ভর্তি বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২২-১২-২০২১ তারিখে অনুষ্ঠিত ভর্তি কমিটির ৫ম সভার সিদ্ধান্ত অনুযায়ী ২০২০-২০২১ শিক্ষাবর্ষে GST গুচ্ছভূক্ত বিশ্ববিদ্যালয়সমূহের সমন্বিত ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণকারী শিক্ষার্থীদের ইসলামী বিশ্ববিদ্যালয়ের A, B ও C ইউনিটসমূহে ভর্তির জন্য শিক্ষার্থীদের GST ভর্তি পরীক্ষার ফলাফলের মেধাক্রম ও ইসলামী বিশ্ববিদ্যালয়ে আবেদনের সময় প্রদত্ত বিষয়-পছন্দক্রম অনুসারে ফলাফল আগামী ৩১-১২-২০২১ তারিখে প্রকাশ করা হবে। উক্ত ফলাফল বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.iu.ac.bd/admission-এর মাধ্যমে জানা যাবে। ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে শিক্ষার্থীদের ভর্তির জন্য মেধা তালিকাসমূহ প্রকাশ এবং বিশেষ কোটার আবেদন গ্রহণ নিম্নোক্ত তফসিল অনুযায়ী ভর্তি সম্পন্ন হবে। শিক্ষার্থীগণ মেধা তালিকায় প্রাপ্ত বিভাগে ভর্তির কার্যক্রম সম্পন্ন করার পর মাইগ্রেশনের সুযোগ পাবে।

**তফসিল :**

১। ৩১-১২-২০২১ তারিখে প্রকাশিত ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদেরকে ০৪-০১-২০২২ তারিখ থেকে ১১-০১-২০২২ তারিখের মধ্যে ভর্তি হতে হবে। সংশ্লিষ্ট ইউনিট ০৪-০১-২০২২ থেকে ১১-০১-২০২২ তারিখের মধ্যে শিক্ষার্থীদের সাক্ষাৎকার ও ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করবে।

২। ১ম মেধা তালিকা থেকে শিক্ষার্থীদের ১১-০১-২০২২ তারিখের মধ্যে ভর্তি কার্যক্রম সম্পন্ন হওয়ার পর ভর্তিকৃত শিক্ষার্থীদের মাইগ্রেশনের আগ্রহ, মেধাক্রম এবং বিষয়-পছন্দক্রমের ভিত্তিতে ১৩-০১-২০২২ তারিখে মাইগ্রেশনের ফলাফল প্রকাশ করা হবে। অটোমাইগ্রেটেড শিক্ষার্থীদেরকে ১৫-০১-২০২২ তারিখ থেকে ১৭-০১-২০২২ তারিখের মধ্যে পরিবর্তিত বিভাগে ভর্তি ফরম পূরণ করে মাইগ্রেশনের কার্যক্রম সম্পন্ন করতে হবে।

৩। ১৯-০১-২০২২ তারিখে বিভাগসমূহে আসন খালি থাকা সাপেক্ষে ২য় মেধা তালিকা প্রকাশ করা হবে। এই তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদেরকে ১৯-০১-২০২২ তারিখ হতে ২৫-০১-২০২২ তারিখের মধ্যে অফিসচলাকালিন ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। ২য় মেধা তালিকা থেকে ভর্তি কার্যক্রম সম্পন্ন হওয়ার পর ২৭-০১-২০২২ তারিখে অটোমাইগ্রেশনের ফলাফল প্রকাশ করা হবে। অটোমাইগ্রেটেড শিক্ষার্থীদেরকে ২৯-০১-২০২২ তারিখ থেকে ৩১-০১-২০২২ তারিখের মধ্যে পরিবর্তিত বিভাগে ভর্তি ফরম পূরণ করে মাইগ্রেশনের কার্যক্রম সম্পন্ন করতে হবে।

৪। ০২-০২-২০২২ তারিখে বিভাগসমূহে আসন খালি থাকা সাপেক্ষে ৩য় মেধা তালিকা প্রকাশ করা হবে। এই তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদেরকে ০৬-০২-২০২২ তারিখ থেকে ০৭-০২-২০২২ তারিখের মধ্যে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। ০৮-০২-২০২২ তারিখে অটোমাইগ্রেশনের ফলাফল প্রকাশ করা হবে এবং ০৯-০২-২০২২ তারিখে অটোমাইগ্রেটেড তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদেরকে পরিবর্তিত বিভাগে ভর্তির ফরম পূরণ করে মাইগ্রেশনের কার্যক্রম সম্পন্ন করতে হবে। ৩য় মেধা তালিকা হতে ছাত্র-ছাত্রী ভর্তির পরে বিভাগসমূহে আসন খালি থাকা সাপেক্ষে কর্তৃপক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৫। শিক্ষার্থীগণ যে বিভাগে চুড়ান্তভাবে ভর্তি হবে, 'বিভাগ উন্নয়ন ফি' শুধুমাত্র সেই বিভাগেই প্রদান করতে হবে। বিভাগ পরিবর্তনের ক্ষেত্রে শিক্ষার্থীদের পূর্ববর্তী বিভাগে ভর্তির সময় সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক আদায়কৃত 'বিভাগ উন্নয়ন ফি' ৩০০০/=(তিন হাজার) টাকা হতে ১০% অর্থ (৩০০/= তিনশত) টাকা কর্তন করে বিভাগ অবশিষ্ট অর্থ সংশ্লিষ্ট শিক্ষার্থীকে নগদ প্রদান করবে।

৬। **ফাইন আর্টস বিভাগে ভর্তির জন্য আবেদন :**

GST গুচ্ছভূক্ত বিশ্ববিদ্যালয়সমূহের সমন্বিত ভর্তি পরীক্ষা ২০২০-২০২১-এ অংশগ্রহণ করে ফলাফলপ্রাপ্ত শিক্ষার্থীগণ ইসলামী বিশ্ববিদ্যালয়ের ফাইন আর্টস বিভাগে ভর্তির জন্য আগামী ০৫-০১-২০২২ তারিখ হতে ১২-০১-২০২২ তারিখ পর্যন্ত অন-লাইনে আবেদন করতে পারবে। উল্লেখ্য যে, ফাইন আর্টস বিভাগে ভর্তির আবেদনের জন্য কোন ফি' প্রদান করতে হবে না। আবেদন করার জন্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট https://www.iu.ac.bd/admission - এ Login করে প্রয়োজনীয় তথ্য পাওয়া যাবে।

৭। **বিশেষ কোটায় শিক্ষার্থীদের ভর্তির আবেদন প্রক্রিয়া : বিশেষ কোটায় শিক্ষার্থীরা আগামী ০৫-০১-২০২২ তারিখ থেকে ১২-০১-২০২২ তারিখ পর্যন্ত আবেদন করতে পারবে।**

(ক) A, B ও C ইউনিটে ভর্তি প্রক্রিয়ায় অংশগ্রহণ করে ফলাফলপ্রাপ্ত শিক্ষার্থীদের মধ্যে যারা ইতোমধ্যে মূল আবেদন প্রক্রিয়ায় অংশগ্রহণ করেছে কেবলমাত্র সেই সকল শিক্ষার্থীই বিশেষ কোটা (মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা, পুত্র-কন্যা পাওয়া না গেলে পুত্র-কন্যার পুত্র-কন্যা),উপজাতি/ক্ষুদ্র জাতিসত্ত্বা/নৃ-গোষ্ঠী, হরিজন-দলীত জনগোষ্ঠী (অন্তজ), শারীরিক প্রতিবন্ধী ও খেলোয়াড়) এবং পোষ্য কোটায় (শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের পুত্র-কন্যা) অন-লাইনে আবেদন করতে হবে। আবেদন করার জন্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.iu.ac.bd/admission-এ Login করে প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে। আবেদন প্রক্রিয়াকরণ ফি' বাবদ ৫০০/=(পাঁচশত) টাকা অন-লাইন/মোবাইল ব্যাংকিং-এর মাধ্যমে প্রদান করতে হবে।

(খ) D ইউনিটের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীগণ বিভাগীয় শর্ত পুরণ সাপেক্ষে শুধুমাত্র D ইউনিটের বিভাগসমূহের মধ্যে আবেদন করতে পারবে। আগামী ০৫-০১-২০২২ তারিখ থেকে ১২-০১-২০২২ তারিখ পর্যন্ত আবেদন প্রক্রিয়াকরণ ফি' বাবদ ৫০০/=(পাঁচশত) টাকা অগ্রণী ব্যাংক, ইসলামী বিশ্ববিদ্যালয় শাখায় জমা দিয়ে আবেদন ফরম সংগ্রহ করে যথাযথভাবে পূরণ করে সংশ্লিষ্ট দপ্তরে জমা দিতে হবে।

রেজিস্ট্রারের কার্যালয়
ইসলামী বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ, কুষ্টিয়া-৭০০৩
ফোন : +৮৮ ০৭১-৭৪৯০৪ অফিস, (০৭১) ৭৩৪৩৩ বাসা, পিএবিএক্স: ৭৪৯১০-৭৪৯২০ এক্স. ২২০৬ (অফিস)
ফ্যাক্স : +৮৮-০৭১-৭৪৯০৫, ই-মেইল : registrar@iu.ac.bd, web :www.iu.ac.bd



নং : .................................. তারিখ : ..................................

৮। **বিশেষ কোটায় ভর্তি সংক্রান্ত তথ্যসমূহ :**

| ক্রমিক | কোটার নাম | আসন সংখ্যা | বিভাগীয় শর্ত |
|---|---|---|---|
| ০১ | মুক্তিযোদ্ধা (মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা, পুত্র-কন্যা পাওয়া না গেলে নাতি-নাতনী) | মূল আসনের ৫% | কোন বিভাগের আসন সংখ্যার ৫% এর বেশী নয় |
| ০২ | বিশেষ কোটা | | |
| | (ক) উপজাতি/ক্ষুদ্র জাতিসত্ত্বা/নৃ-গোষ্ঠী | সর্বোচ্চ ১৫ জন | কোন বিভাগে ১ জনের বেশী নয় |
| | (খ) হরিজন-দলিত জনগোষ্ঠী (অন্তজ) | সর্বোচ্চ ০৫ জন | কোন বিভাগে ১ জনের বেশী নয় |
| | (গ) শারীরিক প্রতিবন্ধী | সর্বোচ্চ ২০ জন | কোন বিভাগে ১ জনের বেশী নয় |
| | (ঘ) খেলোয়াড় | সর্বোচ্চ ১০ জন | বিভাগসমূহের মধ্যে সমভাবে বন্টিত হবে |
| ০৩ | পোষ্য (শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের পুত্র-কন্যা) | বিভাগীয় শর্ত পুরণ করলে প্রতি বিভাগে ৩ জনের অধিক নয়। | মেধার ভিত্তিতে বিভাগসমূহের মধ্যে সমভাবে বন্টিত হবে |

৯। **কোটায় ভর্তি প্রক্রিয়া ও শর্তাবলী :**

(১) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীদেরকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশিত মুক্তিযোদ্ধাদের নামের তালিকার আইডি নম্বর সম্বলিত সনদপত্র অথবা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক স্বাক্ষরিত সাময়িক/মূল সনদপত্র কোটার আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে। সেই সাথে গেজেটেড অফিসার/স্থানীয় সরকার প্রধানের নিকট থেকে শিক্ষার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্কের প্রত্যয়নপত্র, সম্পর্কিত ব্যক্তিগণের জাতীয় পরিচয়পত্র এবং প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত সকল সনদপত্রের ফটোকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

(২) উপজাতি/ক্ষুদ্র জাতিসত্ত্বা/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায় কোটায় আবেদনকারীদেরকে স্বীকৃত গোত্র প্রধান (যেমন চাকমা রাজা, মং রাজা) কর্তৃক প্রদত্ত সনদ অথবা বাংলাদেশ আদিবাসী ফোরাম কর্তৃক গোত্রের সমর্থনে প্রদত্ত সনদপত্রসহ প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত সকল সনদপত্রের ফটোকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

(৩) হরিজন-দলিত জনগোষ্ঠী (অন্তজ) সম্প্রদায় কোটায় আবেদনকারীদেরকে তাদের সম্প্রদায় সংগঠন প্রধানের সনদপত্রসহ প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত সকল সনদপত্রের ফটোকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

(৪) শারীরিক প্রতিবন্ধী কোটায় আবেদনকারীদেরকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সনদপত্রসহ প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত সকল সনদপত্রের ফটোকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। এই কোটার প্রার্থীদের প্রয়োজনে মেডিকেল টেস্টে অংশগ্রহণ করতে হবে।

(৫) খেলোয়াড় কোটায় আবেদনকারীদেরকে বাংলাদেশ জাতীয় দলের অথবা যে কোন বয়সভিত্তিক জাতীয় দলের হয়ে প্রতিনিধিত্ব করেছে এমন প্রমানপত্র অথবা বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান হতে উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় পাস করেছে এমন সনদপত্রসহ প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত সকল সনদপত্রের ফটোকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। এই কোটার প্রার্থীদের প্রয়োজনে ফিল্ড টেস্টে অংশগ্রহণ করতে হবে।

(৬) শুধুমাত্র এই বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের পুত্র-কন্যা পোষ্য হিসেবে গণ্য হবে। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগ/দপ্তর প্রধান কর্তৃক পোষ্য সম্পর্কের প্রত্যয়নপত্রসহ প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত সকল সনদপত্রের ফটোকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

(৭) কোটায় আবেদনের সমর্থনে প্রার্থী কর্তৃক দাখিলকৃত দলিলাদির যথার্থতা যাচায়ের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক গঠিত কমিটি প্রার্থীদের সাক্ষাৎকার গ্রহণ করবেন। এর পরেও এই বিশ্ববিদ্যালয়ে শিক্ষাজীবনের কোন পর্যায়ে দাখিলকৃত দলিলাদি মিথ্যা প্রমানিত হলে সংশ্লিষ্ট শিক্ষার্থীর ছাত্রত্ব বাতিল করা হবে। সে জন্য বিভিন্ন কোটায় ভর্তির সময় ছাত্র-ছাত্রীদেরকে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ নির্ধারিত মানের ও নির্ধারিত ছকে নন-জুডিশিয়াল স্ট্যাম্পে কোটার সমর্থনে দাখিলকৃত সনদসমূহের সমর্থনে অঙ্গীকারনামা প্রদান করতে হবে।

(৮) শর্ত পূরণের অভাবে নির্ধারিত কোটায় প্রয়োজনীয় সংখ্যক প্রার্থী পাওয়া না গেলে বা আসন খালি থাকলে তা অন্য কোন ভাবে পূরণ করার সুযোগ থাকবে না।

(৯) কোটার সুবিধা নিয়ে ভর্তি হওয়া শিক্ষার্থীগণ কোনক্রমেই বিভাগ পরিবর্তনের জন্য আবেদন করতে পারবে না।

১০। ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে শিক্ষার্থীদের ভর্তির নিমিত্তে A ইউনিটের অন্তর্ভূক্ত বিভাগসমূহে ভর্তি ও আনুষঙ্গিক ফি' বাবদ ১(এক) বছরের পরিবহন ফি'সহ ৭,৮৫০/= (সাত হাজার আটশত পঞ্চাশ) টাকা, B ইউনিটের অন্তর্ভূক্ত বিভাগসমূহে ভর্তি ও আনুষঙ্গিক ফি' বাবদ ১(এক) বছরের পরিবহন ফি'সহ ৬,৩৫০/=(ছয় হাজার তিনশত পঞ্চাশ) টাকা এবং C ইউনিটের অন্তর্ভূক্ত বিভাগসমূহে ভর্তি ও আনুষঙ্গিক ফি' বাবদ ১(এক) বছরের পরিবহন ফি'সহ ৬,৮৩০/= (ছয় হাজার আটশত ত্রিশ) টাকা নির্ধারিত রশিদ বই-এর মাধ্যমে অগ্রণী ব্যাংক, ইসলামী বিশ্ববিদ্যালয় শাখায় জমা দিয়ে ভর্তি হতে হবে। এ ছাড়াও ডিনের প্রত্যয়ন ফি' বাবদ ২৫০/=(দুইশত পঞ্চাশ) টাকা, 'বিভাগের' 'বিভাগ উন্নয়ন ফি' বাবদ ৩০০০/=(তিন হাজার) টাকা ও অনাবাসিক শিক্ষার্থীদের হল সংযুক্তি ও আনুষঙ্গিক ফি'বাবদ ৯১৫/=(নয়শত পনের) টাকা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নির্দেশ মোতাবেক জমা দিতে হবে।

১১। **ক্লাশ শুরু :** আগামী ১৫-০২-২০২২ তারিখ থেকে কেন্দ্রীয় ওয়ারিয়েন্টেশনের মাধ্যমে ২০২০-২০২১ শিক্ষাবর্ষের ক্লাশ শুরু হবে।

রেজিস্ট্রারের কার্যালয়
ইসলামী বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ, কুষ্টিয়া-৭০০৩
ফোন : +৮৮-০৭১-৭৪৯০৪ অফিস, (০৭১) ৭৩৪৩৩ বাসা, পিএবিএক্স: ৭৪৯১০-৭৪৯২০ এক্স. ২২০৬ (অফিস)
ফ্যাক্স : +৮৮-০৭১-৭৪৯০৫, ই-মেইল : registrar@iu.ac.bd, web :www.iu.ac.bd



নং : ..................................... তারিখ : .....................................

১২। **শিক্ষার্থীদের জ্ঞাতব্য বিষয় :**

সংশ্লিষ্ট শিক্ষার্থীদের আবেদনপত্রের সাথে (১) পাসপোর্ট আকারের ২(দুই) কপি সত্যায়িত ছবি আরো ৪(চার) কপি ছবি অন্য অফিসে জমা দেওয়ার জন্য সাথে রাখতে হবে (২) মাধ্যমিক/সমমান, উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার পাশের সনদ/একাডেমিক ট্রান্সক্রিপ্ট-এর প্রত্যেকটির এক কপি সত্যায়িত অনুলিপি (৩) জন্ম নিবন্ধনের সত্যায়িত কপি (৪) পিতা মাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি এবং (৫) অভিভাবকের আয়ের সনদপত্রের কপি সংযুক্ত করতে হবে।

ভর্তিচ্ছু শিক্ষার্থীদের প্রত্যেককে আবেদন পত্রের সাথে অবশ্যই তাদের ভর্তি পরীক্ষার প্রবেশপত্র এবং এস.এস.সি/সমমান এবং এইচ.এস.সি/সমমান পরীক্ষা পাশের মূল সনদপত্র/একাডেমিক ট্রান্সক্রিপ্ট (ফেরৎযোগ্য) আবেদনপত্রের সাথে জমা দিতে হবে। মূল সনদপত্র/একাডেমিক ট্রান্সক্রিপ্ট ব্যতীত কোন ছাত্র-ছাত্রীকে ভর্তির অনুমতি দেওয়া হবে না। উল্লেখ্য, এ বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়ার পর যদি কোন শিক্ষার্থীর দাখিলকৃত একাডেমিক ট্রান্সক্রিপ্ট, প্রশংসা পত্র, সনদ পত্র (যে কোন ধরণের সনদ পত্র) ইত্যাদি অসত্য বলে প্রমাণিত হয় তবে অত্র বিশ্ববিদ্যালয় হতে তার ভর্তি বাতিল করা হবে।

২৩/১২/২০২১

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
ইসলামী বিশ্ববিদ্যালয়
কুষ্টিয়া।

স্মারক নং-২/শিক্ষা/ইবি-২০২১/ ৪৭৩ তারিখঃ- ২৪-১২-২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

১। ডীন,..................................................................., অনুষদ, ইবি।
২। সমন্বয়কারী, ..........................ইউনিট(ভর্তি পরীক্ষা ২০২০-২০২১), ইবি।
৩। সভাপতি,..............................................................................., বিভাগ, ইবি।
৪। প্রভোষ্ট,..................................................................................., হল, ইবি।
৫। প্রক্টর, ইবি।
৬। ছাত্র-উপদেষ্টা, ইবি,
৭। পরীক্ষা নিয়ন্ত্রক(ভারপ্রাপ্ত), ইবি।
৮। গ্রন্থাগারিক(ভারপাপ্ত), ইবি।
৯। পরিচালক (ভারপ্রাপ্ত) পরিকল্পনা ও উন্নয়ন, ইবি।
১০। পরিচালক, (আই.আই.ই আর), ইবি।
১১। পরিচালক, শরীর চর্চা বিভাগ, ইবি।
১২। হিসাব পরিচালক(ভারপ্রাপ্ত), ইবি,।
১৩। প্রধান প্রকৌশলী, ইবি।
১৪। প্রধান মেডিক্যাল অফিসার (ভারপ্রাপ্ত), ইবি।
১৫। পরিচালক(আই.আই.ই-আর), ইবি।
১৬। পরিচালক(টি.এস.সি.সি), ইবি।
১৭। প্রেস প্রশাসক, ইবি।
১৮। পরিবহন প্রশাসক, ইবি।
১৯। উপ-পরিচালক (জনসংযোগ), ইবি।
২০। উপ-রেজিস্ট্রার (এস্টেট), ইবি।
২১। উপ-রেজিস্ট্রার (ভি.সি. অফিস) ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য, ইবি।
২২। সহকারী রেজিস্ট্রার (প্রো-ভাইস-চ্যান্সেলর অফিস), ইবি,
২৩। উপ-পরিচালক (ট্রেজারার অফিস) ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য, ইবি।
২৪। পরিচালক, আই.সি.টি. সেল (বিজ্ঞপ্তিটি ইসলামী বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো), ইবি।
২৫। উপ- রেজিস্ট্রার (এ্যাঃ টু-রেজিঃ) রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য, ইবি।
২৬। ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক, ইবি শাখা (ভর্তি বিজ্ঞপ্তিতে উল্লেখিত তফসিল অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
২৭। নথি।

২৩.১২.২০২১

উপ-রেজিস্ট্রার(শিক্ষা)
ইসলামী বিশ্ববিদ্যালয়